দৈনিক ইনকিলাব

তারিখ 25 JUL 1993
পৃষ্ঠা ৫ কলাম ৫

৭৬

## শিক্ষাঙ্গন

### পরীক্ষার খাতা মূল্যায়ন

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অনেক সময় দেখা যায়, ভাল পরীক্ষা দিয়েও অনেক ছাত্র-ছাত্রী কোন কোন বিষয়ে কাঙ্ক্ষিত নম্বর পায় না। এর রহস্যটা কি? বোর্ড কর্তৃপক্ষ এ সকল পরীক্ষার খাতা মূল্যায়নের জন্য সঠিক জায়গায় প্রেরণ করেন কি? ১৯৯৩ ইং সালের এসএসসি পরীক্ষার ইতিহাস বিষয়ের কিছু খাতা এসেছে ইউরিয়া সারকারখানা কলেজের একজন ইংরেজী শিক্ষকের কাছে। রীতিমত আশ্চর্যের বিষয়। এই শিক্ষক এ সকল খাতা বোর্ডে ফেরত দিতে পারবেন না একজামিনেশনসিপ চলে যাবার ভয়ে, আবার এ সকল খাতার সঠিক মূল্যায়নও করতে পারছেন না। কারণ, তিনি ইতিহাসের শিক্ষক নন। অথচ এ সকল খাতা মূল্যায়নের জন্য দেয়া উচিত ছিল অবশ্যই কোন ইতিহাস বিষয়ের শিক্ষকের কাছে। আমাদের স্বনামধন্য বোর্ড কর্তৃপক্ষ এভাবে এক বিষয়ের খাতা মূল্যায়ন করতে পাঠান অন্য কোন বিষয়ের শিক্ষক বা শিক্ষিকার কাছে। এ চিত্র আমাদের অনেকের কাছেই নতুন নয়। সত্যিই সেলুকাস, কি বিচিত্র আমাদের শিক্ষা বোর্ড। হাজার হাজার ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ নিয়ে এভাবে হেলাফেলা করার কোন যুক্তি শিক্ষা বোর্ডের আছে কি? এ ব্যাপারে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

—মোঃ নঈমুল হোসেন খান,
ইউরিয়া সার কারখানা কলেজ,
পলাশ, নরসিংদী।